# গোদাগাড়ী উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির আগস্ট/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ আতিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
গোদাগাড়ী, রাজশাহী

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, গোদাগাড়ী, রাজশাহী

সভার তারিখ ঃ ২৯ আগস্ট ২০২৩

সময় ঃ বেলা-১০.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্য, প্রতিনিধি ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট- 'ক', 'খ' ও 'গ'-তে সন্নিবেশিত ।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভায় নিম্ন-বর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১.০০ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন ঃ

পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং পঠিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২.০০ ইউনিয়ন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির সভার কার্যবিবরণী ঃ

ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিতব্য জুলাই/২০২৩ মাসে ইউনিয়ন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির সভার কার্যবিবরণী সকল ইউনিয়ন পরিষদ হতে পাওয়া গেছে।

৩.০০ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণার বিষয়ে আলোচনা ঃ

সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, জুলাই/২০২৩ মাসে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এছাড়াও সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, গোদাগাড়ী, রাজশাহী কর্তৃক জুলাই/২০২৩ মাসে মোবাইল কোর্ট পরিচালনা করা হয় ।

তিনি মাদকদ্রব্য নিয়ন্ত্রণকারী বাহিনীকে এই উপজেলায় বিভিন্ন স্থানে মাদক প্রস্তুতকারী, ব্যবসায়ী ও সেবনকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ যে সমস্ত এলাকায় মাদকদ্রব্য সেবনের প্রবণতা বেশি, সে সমস্ত স্থানে টহল জোরদার করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান এবং মাদকদ্রব্য সেবনের অপকারিতা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাপক জনমত গঠনের বিষয়ে ইউপি চেয়ারম্যানসহ সকলের ঐকান্তিক সহযোগিতা কামনা করেন। তিনি ইউপি চেয়ারম্যানগণকে তাঁদের স্ব-স্ব ওয়ার্ডের সদস্য/সদস্যাদের নিয়ে মাদকদ্রব্যের কুফল সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে উপজেলার ইমামদের জুম্মার খুৎবার সময় মাদকের বিরুদ্ধে বক্তব্য প্রদানের বিষয়ে তিনি সভায় মতামত প্রকাশ করেন। এছাড়াও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একজন প্রতিনিধি নিয়মিতভাবে সভায় উপস্থিত থাকার বিষয়ে সভায় সভাপতি মতামত ব্যক্ত করেন।

উপজেলা চেয়ারম্যান জানান,মাদকের কারণে গোদাগাড়ীতে অনেক সমস্যা হয়। এটি নির্মূলে আইনশৃংখলা বাহিনীসহ সকলের সহযোগিতা প্রয়োজন।

অফিসার ইনচার্জ, গোদাগাড়ী মডেল থানা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, মাদক একটি সামাজিক ব্যাধি। এ ব্যাধিকে দুর করার জন্য আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর পাশাপাশি সচেতন নাগরিকদের এগিয়ে আসার আহবান জানান। তিনি এ উপজেলার অভ্যন্তরস্থ কোথাও কোন অপরিচিত ব্যক্তির আনাগোনা বা তাদের সম্পর্কে কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন। মাদক সেবনের ফলে উপজেলার বিভিন্ন এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হচ্ছে। সকলের সহযোগিতা পেলে মাদক নির্মূল করা সম্ভব। ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে সভার মাধ্যমে মাদক বিরোধী গণসচেতনতা গড়ে তোলার বিষয়ে তিনি সভায় উপস্থিত সকল সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন।

সভায় উপস্থিত কোম্পানী কমান্ডার, বিদিরপুর বিজিবি ক্যাম্প, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, বর্তমানে টহল করায় মাদক পরিস্থিতি অনেক ভাল। আমরা বিভিন্নভাবে গোপনীয়তা রক্ষা করে টহল প্রদান করি কিন্তু বিওপি সীমান্তবর্তী হওয়ার ফলে আমরা বাইরে বের হলে এলাকাবাসী বুঝে যায়।মাদক নির্মূলে সীমান্ত এলাকার লোকজন সহযোগিতা করেন না। ফলে মাদক ব্যবসায়ীরা আগেই বুঝে যায়। বড় ধরনের গড ফাদারকে ধরা আমাদের সম্ভব হচ্ছে না। তবে খুচরা ব্যবসায়ীদের বিরুদ্ধে আমাদের প্রতিনিয়ত অভিযান চলমান রয়েছে। মাদক বহনকারী কমছে না। সকলের সহযোগিতা পেলে মাদক নির্মূল করা সম্ভব। ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে সভার মাধ্যমে মাদক বিরোধী গণসচেতনতা গড়ে তোলার বিষয়ে তিনি সভায় উপস্থিত সকল সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন।

চর আষাড়িয়াদহের চেয়ারম্যান জানান,মাদকের চালান রাতে আসে সীমান্ত পথে।

সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার জানান, হেরোইনের কারণে গোদাগাড়ীতে বিভিন্ন সমস্যা হয়।

জনাব হায়দার জানান, গোদাগাড়ীতে মাদকের পাশাপাশি অস্ত্র উদ্ধার হচ্ছে এবং মাদক ব্যাবসায়ীরা জনপ্রতিনিধি হচ্ছে।

জনাব আলমগীর কবির তোতা জানান, মাদকের কারণে গোদাগাড়ীতে অনেক সমস্যা হয়।পার্শ্ববর্তী জেলা চাঁপাইনবাবগন্জ থেকে এসে গেদ্দাড়ীতে মাদকের ব্যাবসা করছে অনেকে বলে তিনি জানান।

বিভিন্ন ধরনের মাদক দ্রব্য বিশেষ করে হেরোইন এবং ইয়াবার ক্রয়-বিক্রয় ও ব্যবহার বৃদ্ধি পাওয়ায় এই অঞ্চলের জনসাধারণ বিশেষ করে যুব সমাজের সামাজিক অবক্ষয় সাধিত হচ্ছে মর্মে সভায় উপস্থিত সদস্যগণ সভাকে অবহিত করেন। এলাকার গণ্যমান্য ব্যক্তি, জনপ্রতিনিধি তথা ইউপি চেয়ারম্যান, ওয়ার্ড সদস্যদের নিয়ে সভাকরণের মাধ্যমে মাদকের বিরুদ্ধে জনসচেতনতা গড়ে তোলা হলে মাদক সেবনের প্রবণতা অনেকাংশে হ্রাস পাবে মর্মে সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণও তাদের নিজ নিজ মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে অত্যন্ত জোরালো তৎপরতা চালানোর জন্য এই সভায় অনুরোধ জানান।

৪.০০ <u>সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ</u>

ক) ইউনিয়ন পর্যায়ে মাদকদ্রব্যের উৎপাদন ও ব্যবহার রোধকল্পে ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হলো।

খ) সীমান্ত পথে যাতে মাদকদ্রব্য পারাপার না হতে পারে, সে জন্য কড়া প্রহরার ব্যবস্থা গ্রহণসহ উপজেলার অভ্যন্তরে চোলাই মদ ও অন্যান্য যাবতীয় মাদকদ্রব্য প্রস্তুত ও ক্রয়-বিক্রয় রোধকল্পে ব্যাপক অভিযান পরিচালনার জন্য সীমান্তের নিকটবর্তী ইউনিয়নের চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো। এছাড়াও সীমান্ত এলাকাসহ উপজেলার অভ্যন্তরে কোন মাদকদ্রব্য প্রস্তুতের কারখানার অস্তিত্ব পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে গোদাগাড়ী মডেল থানাকে অবহিত করণের সিদ্ধান্ত গৃহীত হলো।

গ) উপজেলার মাদকদ্রব্য প্রবণ এলাকাসমূহে পুলিশী টহল জোরদারকরণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, গোদাগাড়ী মডেল থানা, গোদাগাড়ী, রাজশাহীকে অনুরোধ করা হলো।

ঘ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মাদকদ্রব্য সেবনের কুফল সম্পর্কে সচেতন করার লক্ষ্যে অধ্যক্ষ/ প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।

ঙ) নিয়মিতভাবে ইউনিয়ন পর্যায়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির সভা অনুষ্ঠান করে সভার কার্যবিবরণী দাখিলের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হলো।

<u>বাস্তবায়নে ঃ</u>

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার /কোম্পানী অধিনায়ক/ বিজিবি, গোদাগাড়ী, রাজশাহীসহ সকল ইউপি চেয়ারম্যান।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

০৪/০৯/২৫

(আতিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি
গোদাগাড়ী, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী
Web:godagari.rajshahi.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮১.৩৪.০০০.১৩.০০৪.২৩ - ১৪১১ (১৩)

তারিখ ঃ ২০ ভাদ্র ১৪৩০ / ০৪ সেপ্টেম্বর ২০২৩

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি ঃ

০১। জেলা প্রশাসক, রাজশাহী।

০২। ..............................................................

০৪/০৯/২৩

(আতিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
গোদাগাড়ী, রাজশাহী
টেলিফোন নং-০২৪৭৮-৫৬০০৭ (অফিস)
ই-মেইল নং-unogodagari@mopa.gov.bd

সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রঃ নং | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, গোদাগাড়ী ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০২. | চেয়ারম্যান, মোহনপুর ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৩. | চেয়ারম্যান, পাকড়ী ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৪. | চেয়ারম্যান, বাসুদেবপুর ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৫. | চেয়ারম্যান, চর আষাড়িয়াদহ ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৬. | অফিসার ইনচার্জ, গোদাগাড়ী মডেল থানা, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৭. | কোম্পানী কমান্ডার, গোদাগাড়ী বিজিবি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৮. | কোম্পানী কমান্ডার, বিজিবি, বিদিরপুর ক্যাম্প, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৯. | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | |
| ১০. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গোদাগাড়ী, রাজশাহী | |

সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "খ"ঃ

| | |
|---|---|
| ০১. | চেয়ারম্যান, রিশিকুল ইউপি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০২. | চেয়ারম্যান, মাটিকাটা ইউপি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৩. | চেয়ারম্যান, গোগ্রাম ইউপি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৪. | চেয়ারম্যান, দেওপাড়া ইউপি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৫. | কোম্পানী কমান্ডার, খরচাকা ক্যাম্প, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৬. | উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী |